বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন,
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা,
ঢাকা-১০০০।
ক্রেডিট বিভাগ-১

ফোন ঃ ৯৫৫০৪০৩
পিএবিএক্স ঃ ৯৫৬০০২১-২২
৯৫৬০০২৪-২৫
৯৫৬০০৩১-৩৫
ফ্যাক্স ঃ ৮৮-০২-৯৫৬১২১১

সার্কুলার লেটার নং-প্রকা/ক্রেঃবিঃ-১/৩(৭)/২০১৮-১৯/৫১

তারিখঃ ১৯/০৭/২০১৮

১। সকল বিভাগীয় মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয় সমূহ
২। মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা
৩। উপ-মহাব্যবস্থাপক,কর্পোরেট শাখাসমূহ
৪। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
৫। সকল শাখা ব্যবস্থাপক
(মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকগণের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

**বিষয় ঃ ব্যাংকের কার্যক্রমে গতিশীলতা আনয়নের লক্ষ্যে পদক্ষেপ গ্রহণ প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয় এর প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। বিগত ১৬/০৭/২০১৮ তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ কৃষি ব্যাংক পরিচালনা পর্ষদের ৭১৪তম সভায় ব্যাংকের কার্যক্রমে গতিশীলতা আনয়নের লক্ষ্যে নিম্নবর্ণিত নির্দেশনা জারী করার সিদ্ধান্ত প্রদান করা হয়ঃ

"(১) ঋণ মঞ্জুরি, নবায়ন, পুনঃতফশিল ইত্যাদিসহ অন্যান্য যে কোন ধরণের প্রস্তাব সুনির্দিষ্ট কারণ ব্যতিরেকে নির্ধারিত সময়ের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের নিকট উপস্থাপন করতে ব্যর্থ হলে দায়ি সংশ্লিষ্ট কর্মকর্তাদের বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং এতদবিষয়ক গৃহীত ব্যবস্থাদি ব্যাংকের ওয়েব সাইটে প্রকাশ করতে হবে।

(২) ঋণ নবায়ন প্রস্তাব নির্ধারিত সময়ের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের নিকট উপস্থাপনের লক্ষ্যে বিদ্যমান নির্দেশনার আলোকে ঋণটির মেয়াদপূর্তির ন্যূনতম ২(দুই) মাস পূর্বেই প্রয়োজনীয় কাগজপত্রসহ ঋণটি নবায়নের নিমিত্ত আবেদন প্রেরণের জন্য সংশ্লিষ্ট ঋণ গ্রহীতাকে লিখিতভাবে জানাতে হবে।"

০৩। এমতাবস্থায়, পরিচালনা পর্ষদের উপরোক্ত সিদ্ধান্ত অনুসারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

আপনার বিশ্বস্ত

১৯/০৭/১৮

(মোঃ শহিদুল ইসলাম)
মহাব্যবস্থাপক
পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ
ফোনঃ ৯৫৫৪১৬৯

সার্কুলার লেটার নং-প্রকা/ক্রেঃবিঃ-১/৩(৭)/২০১৮-১৯/৫১(১১৫০)

তারিখঃ ১৯/০৭/২০১৮

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক ১/২/৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৩। স্টাফ অফিসার,সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর,বিকেবি,প্রধান কার্যালয়, ঢাকা।
৪। অধ্যক্ষ, বিকেবি ট্রেনিং ইনস্টিটিউট, মিরপুর, ঢাকা।
৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস্ , কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। **উপরোক্ত সার্কুলার লেটার ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।**
৭। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
৯। নথি / মহানথি।

১৯.৭.২০১৮.

(খায়রুন্নেসা আহমেদ)
উপ-মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৫০৪০৩